দৈনিক খবর
তারিখ 25 APR 1989
পৃষ্ঠা 2 কলাম 1

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
035

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের দপ্তর
ঢাকা ডেন্টাল কলেজ

স্মারক নং-ডেকহা/এ-৪/৮৯/৩২২ তারিখ ১৮/৪/১৯৮৯ ইং

# বিষয়ঃ ১৯৮৮-৮৯ সেশনে ঢাকা ডেন্টাল কলেজে ১ম বর্ষ বিডিএস ক্লাসে ছাত্র-ছাত্রী ভর্তির বিজ্ঞপ্তি

১। ১৯৮৮-৮৯ ইং শিক্ষাবর্ষে ১ম বর্ষ বিডিএস ক্লাসে ভর্তির জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাইতেছে।

২। প্রার্থীদের বাংলাদেশ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড অথবা যে কোন বিশ্ববিদ্যালয় (স্বীকৃত) হইতে যে কোন গ্রুপে এসএসসি এবং পদার্থ, রসায়ন ও জীববিদ্যাসহ এইচএসসি পরীক্ষায় অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। আবেদনের যোগ্যতার জন্য বাড়তি নম্বর (গ্রস মার্কস), অতিরিক্ত নম্বর (এক্সট্রা মার্কস) অনিয়মিতের জন্য কর্তন এবং তৃতীয় বিভাগ ব্যতীত এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় প্রাপ্ত সম্মিলিত নম্বরের যোগফলের নূন্যতম ৬০% নম্বর অবশ্যই থাকিতে হইবে।

৩। উপজাতীয় প্রার্থীদের জন্য ১টি আসন সংরক্ষিত থাকিবে এবং তাহাদের বেলায় এসএসসি ও এইচএসসি পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগে উত্তীর্ণ হইতে হইবে।

৪। যে সকল ছাত্র-ছাত্রী ১৯৮৮ সালে এইচএসসি এবং ১৯৮৬ সালে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে, কেবলমাত্র তাহাদিগকেই নিয়মিত প্রার্থী বলিয়া গণ্য করা হইবে। যাহারা ১৯৮৬ সালের পূর্বে এসএসসি পরীক্ষায় পাস করিয়াছে তাহাদেরকে অনিয়মিত প্রার্থী হিসাবে গণ্য করা হইবে এবং সে ক্ষেত্রে প্রতি বৎসরের অনিয়মের জন্য এসএসসি পরীক্ষায় মোট নম্বর হইতে ৫০ নম্বর করিয়া বাদ দেওয়া হইবে। অনুরূপভাবে যে সমস্ত প্রার্থী ইমপ্রুভমেন্ট পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে তাহাদেরকেও অনিয়মিত প্রার্থী বলিয়া গণ্য করা হইবে এবং সে ক্ষেত্রে ইমপ্রুভমেন্ট নম্বর হইতে ২৫ নম্বর বাদ দেওয়া হইবে। অনিয়মিত প্রার্থীদের নম্বর বাদ দেওয়ার পর এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় কমপক্ষে ১২০০ নম্বর না থাকিলে আবেদন করার জন্য উপযুক্ত বলিয়া বিবেচিত হইবে না। ১৯৮৪ সালের পূর্বে যাহারা এসএসসি পরীক্ষায় পাস করিয়াছে তাহারা আবেদন করিতে পারিবে না।

৫। ছাত্র-ছাত্রীদের লিখিত ১০০ নম্বরের পরীক্ষার মধ্যে প্রাপ্ত নম্বরের উপর ভিত্তি করিয়া মেধাভিত্তিক ভর্তি করা হইবে এবং কোন মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হইবে না।

৬। রেজিস্ট্রেশন ফি বাবদ ২০ (বিশ) টাকা এবং ভর্তি পরীক্ষার ফি বাবদ ২০০ (দুইশত) টাকা মোট ২২০ (দুইশত বিশ) টাকা নগদ জমা দিয়া ডেন্টাল কলেজ অফিস হইতে ভর্তির ফরম সংগ্রহ করা যাইবে। নগদ ২০ (বিশ) টাকা জমা দিয়াও ভর্তি ফরম সংগ্রহ করা যাইতে পারে, তবে এই ক্ষেত্রে ফরম জমা দেওয়ার সময় ২০০ (দুইশত) টাকা পরীক্ষার ফি বাবদ নগদ জমা দিতে হইবে। ডাকযোগে কোন ভর্তির ফরম পাঠানো যাইবে না।

৭। ভর্তি সম্পর্কে অন্যান্য তথ্যাদি ডেন্টাল কলেজ অফিস হইতে জানা যাইতে পারে।

৮। মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষার পরে ভর্তির যোগ্য কি-না সে সম্বন্ধে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হইবে।

৯। প্রার্থীদিগকে সমুদয় সার্টিফিকেট ও অন্যান্য সনদপত্রের মূল কপি ভর্তির সময় দাখিল করিতে হইবে। অন্যথায় তাহাদিগকে ভর্তির অযোগ্য বলিয়া গণ্য করা হইবে।

১০। দরখাস্তের জন্য নির্ধারিত ফরম সঠিকভাবে পূরণ করিয়া ঢাকা ডেন্টাল কলেজের অফিসে জমা দিতে হইবে। দরখাস্তের সহিত নিম্নলিখিত সার্টিফিকেট-এর সত্যায়িত ফটোকপি অবশ্যই থাকিতে হইবে।

(ক) এসএসসি সনদপত্রের কপি।

(খ) যে কলেজ হইতে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে সে কলেজের অধ্যক্ষের নিকট হইতে এইচএসসি পরীক্ষার পাস সম্পর্কিত সনদপত্রের কপি।

(গ) এইচএসসি ও এসএসসি পরীক্ষার মার্কশীটসমূহের কপি।

(ঘ) সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান হইতে প্রার্থীর চরিত্র সম্বন্ধে প্রশংসাপত্র।

(ঙ) একজন প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার-এর নিকট হইতে প্রার্থীর চরিত্রগত সার্টিফিকেট।

(চ) নাগরিকত্ব সার্টিফিকেট।

(ছ) পিতা/অভিভাবকের বার্ষিক আয় এবং কোন্ জেলার স্থায়ী বাসিন্দা সেই সম্পর্কে একজন প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার বা ইউনিয়ন কাউন্সিলের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট।

(জ) উপজাতীয় প্রার্থীর বেলায় সে উপজাতীয় কি-না এবং কোন্ জেলার স্থায়ী বাসিন্দা সে সম্পর্কে নিজ জেলা প্রশাসকের সার্টিফিকেট (মূল কপি) এই দুইটি সার্টিফিকেট নির্দিষ্ট ফরমে জমা দিতে হইবে। উক্ত ফরমদ্বয় ডেন্টাল কলেজের অধ্যক্ষের অফিসে পাওয়া যাইবে।

(ঝ) পার্বত্য চট্টগ্রাম, খাগড়াছড়ি ও বান্দরবনের ছাত্র-ছাত্রীদের বেলায় তাহারা ঐ জেলার স্থায়ী বাসিন্দা কি-না, তা সম্পর্কে জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট-এর মূল কপি।

(ঞ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত ছবি।

(ট) রেজিস্ট্রেশন ফি ও ভর্তি ফি বাবদ ২২০ (দুইশত বিশ) টাকার প্রাপ্তি রসিদ।

১১। দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ ও সময়ের পরে কোন দরখাস্ত গ্রহণ করা হইবে না। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলিয়া বিবেচিত হইবে।

১২। ভর্তি সম্পর্কিত যাবতীয় তথ্য ডেন্টাল কলেজের নোটিশ বোর্ডে পাওয়া যাইবে। এই সম্পর্কে প্রার্থীদের ঠিকানায় কোন যোগাযোগ করা হইবে না।

১৩। ডেন্টাল কলেজ হোস্টেলে সীটের অপ্রতুলতা হেতু ছাত্র-ছাত্রীদিগকে বাসস্থানের বন্দোবস্ত নিজেরাই করিতে হইবে।

১৪। দরখাস্ত গ্রহণের শেষ তারিখ ১৭-৫-৮৯ ইং বেলা ১-০০ ঘটিকা পর্যন্ত।

১৫। লিখিত পরীক্ষার তারিখ ও স্থান পরবর্তী সময় ঢাকা ডেন্টাল কলেজের নোটিশ বোর্ডে পাওয়া যাইবে।

১৬। পাশ করার পরে সরকারী চাকুরীর কোন নিশ্চয়তা নাই।

১৭। ভর্তি সম্পর্কে ভর্তি কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে এবং এই বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা সংক্রান্ত নিয়মের বহির্ভূত কোন অভিযোগ করা চলিবে না। এই মর্মে অঙ্গীকারনামা দস্তখত করিতে হইবে।

অধ্যাপক সৈয়দ মনজুর-উল হক
অধ্যক্ষ
ঢাকা ডেন্টাল কলেজ।

ডিএফপি(স)৭৫৭৫(১৯-৪)
জিসিঃ ১৪০৩/৮৯